# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

| | | |
|---|---|---|
| সভার নাম | : | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম-এর সভা |
| আহবায়কের নাম | : | মোঃ রেজাউল করিম, জেনারেল ম্যানেজার-প্রশাসন |
| সভার স্থান | : | জেনারেল ম্যানেজার-প্রশাসন এর অফিস কক্ষ |
| সভার তারিখ | : | ৩০-০৩-২০২২খ্রিঃ |
| সভার উপস্থিতি | : | সংযুক্ত, পরিশিষ্ট-১। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আহবায়কের অনুমতিক্রমে ম্যানেজার-প্রশাসন ও এপিএ ফোকাল পয়েন্ট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর বিষয়বস্তুসমূহ তুলে ধরেন। শুরুতেই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ষান্মাসিক অর্জন সভায় উপস্থাপন করেন।

২.০ এপিএ টিম লক্ষ্য করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর কৌশলগত উদ্দেশ্যসমূহের অর্জন মোটামোটি সন্তোষজনক। এধারা অব্যাহত থাকলে অবশিষ্ট ৬(ছয়)মাসে জীবন বীমা কর্পোরেশন কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রা অর্জন করবে মর্মে কমিটি আশা প্রকাশ করে। তবে, নিম্নোক্ত ২(দুই)টি কৌশলগত উদ্দেশ্য ১ম ষান্মাসিক অর্জন এখনো সন্তোষজনক নয়:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষমাত্রা | অর্জন | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| [১.৪] মাঠপর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | [১.৪.১] নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | ৩৪০০ | ৭৬১ | উন্নয়ন ডিভিশন |
| [৩.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ। | [৩.২.১] ওএসএস চালুকৃত অফিসের সংখ্যা | ১২ | ৩ | প্রশাসন |

ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, আগামী ৩১-০৩-২০২২খ্রিঃ তারিখের মধ্যে চট্টগ্রাম রিজিওনাল অফিস, খুলনা রিজিওনাল অফিস এবং রাজশাহী রিজিওনাল অফিসকে ওয়ান স্টপ সার্ভিস (OSS) চালু করার জন্য ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের নির্দেশক্রমে পত্র দেয়া হয়েছে।

৩.০ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে আবশ্যিক ৫টি কৌশলগত উদ্দেশ্যের মধ্যে শুদ্ধাচার (NIS) এর কার্যক্রম সন্তোষজনক। অন্যান্য কৌশলগত উদ্দেশ্যে বাস্তবায়ন (Innovetion, GRS, Citizen Charter এবং RTI) কমিটিকে লক্ষ্যমাত্র অর্জনে আরও তৎপর হওয়ার জন্য কমিটি পরামর্শ প্রদান করে।

৪.০ সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ বিস্তারিত পর্যালোচনান্তে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে:

১. কর্মসম্পাদন সূচক [১.৪.১] (নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি)-এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উন্নয়ন ডিভিশনকে অনুরোধ জানিয়ে প্রশাসন বিভাগ পত্র জারি করবে।

২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর ০৫(পাঁচ)টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আরও সক্রিয় হবেন।

৩. কৌশলগত উদ্দেশ্যেসমূহের ৩য় ত্রৈমাসিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন আগামী ০৭-০৪-২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রশাসন বিভাগ পত্র প্রেরণ করবে।

৪. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের রির্পোটিং এর উপর প্রশিক্ষণের আয়োজনের সুপারিশ করা হলো। ম্যানেজার-প্রশিক্ষণ এবং এপিএ টিমের অন্যতম সদস্য এবিষয়ে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করবে।

৫.০ পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৩/২২

(মোঃ রেজাউল করিম)
জেনারেল ম্যানেজার-প্রশাসন
ও
আহবায়ক, এপিএ টিম

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১. জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
২. রিজিওনাল ইনচার্জ (সকল)
৩. ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, জীবীক, প্রধান কার্যালয় (কর্পোরেশনের ওয়েব সাইটের এপিএ কর্ণারে প্রকাশের অনুরোধসহ)
৫. পিএস-টু-ম্যানেজিং ডাইরেক্টর, জীবীক, প্রধান কার্যালয়

# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভার উপস্থিতি

সভার তারিখ: ৩০-০৩-২০২২খ্রিঃ

সময়: দুপুর ১২:০০

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল<br>জেনারেল ম্যানেজার, গ্রুপ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা<br>ও সদস্য, এপিএ টিম | |
| ০২. | মোঃ রেজাউল করিম<br>জেনারেল ম্যানেজার-প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা<br>ও আহবায়ক, এপিএ টিম | |
| ০৩. | মীর নূর মোহাম্মদ<br>ডেপুটি জেনারেল ম্যানেজার, অর্থ ও হিসাব, প্রধান কার্যালয়, ঢাকা | |
| ০৪. | শেখ খায়েরুজ্জামান<br>সহকারী জেনারেল ম্যানেজার,মনিটরিং সেল,<br>উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়,<br>ও সদস্য এপিএ টিম | |
| ০৫. | জনাব এ,টি,এম,নজরুল আলম<br>সহকারী জেনারেল ম্যানেজার,টি/এ | |
| ০৬. | জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ডিভিশন | |
| ০৭. | জনাব মোঃ মেহেদী হাসান<br>সিস্টেম এনালিস্ট, আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয় | |
| ০৮. | জনাব মোঃ মালেক মিয়া<br>ম্যানেজার-প্রশাসন<br>ও সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), এপিএ টিম | |
| ০৯ | জনাব মোঃ মাছুদুর রহমান<br>ম্যানেজার, প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা<br>ও সদস্য, এপিএ টিম | |
| ১০। | মো: ফেরদৌস আলমগীর, ম্যানেজার-বীমা | |
| ১১। | মো: হাফিজুর রহমান, জুনিয়র অফিসার, প্রশাসন ও সহকারী কর্মকর্তা এপিএ টিম | |